



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
সিকিউরিটিজ কমিশন ভবন  
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭  
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৪

তারিখঃ

২৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ  
০৭ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

৭৬৯ তম কমিশন সভা অদ্য ০৭/০৪/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, SAJIDA FOUNDATION এর ১০০.০০ (একশত কোটি) কোটি টাকার ২ (দুই) বছর মেয়াদী Unsecured, Non-convertible, Fully Redeemable, প্রথম GREEN Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটি আর্থিক প্রতিষ্ঠান ইন্স্যুরেন্স কোম্পানী, কর্পোরেট ও উচ্চ সম্পদশালী ব্যক্তিদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে নতুন এবং চলমান প্রকল্পের মাধ্যমে প্রতিষ্ঠানটির ক্ষুদ্রঋণ কার্যক্রমকে বর্ধিত করণের পাশাপাশি পরিবেশের উন্নয়ন নিশ্চিত করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Mandated Lead Arranger হিসাবে যথাক্রমে Sena Kalyan Insurance Company Limited এবং Standard Chartered Bank কাজ করেছে। উল্লেখ্য, বাংলাদেশে এই প্রথমবার কমিশন কর্তৃক গ্রীন বন্ডের অনুমোদন প্রদান করা হ'ল।

০২. কমিশন অদ্যকার সভায়, বিনিয়োগকারীর স্বার্থ রক্ষার্থে ও পুঁজিবাজারের উন্নয়নে প্রাথমিকভাবে ৬৬ (ছেষটি) টি কোম্পানিকে ফ্লোর প্রাইস (Floor Price) সংক্রান্ত কমিশনের আদেশ নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-০৭/০৪, তারিখ: ১৯মার্চ, ২০২০ এর কার্যকারিতা হতে অব্যাহতি প্রদান করেছে, যা অবিলম্বে কার্যকর হইবে।

Place

০৭-০৭-২০২১

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র